

রাবি'র বন্ধ ক্যাম্পাসে চলছে সাক্ষ্য কোর্স! সাধারণ শিক্ষার্থীদের ক্ষোভ

■ রাবি-স্ববেদনাত্তা

অনির্দিষ্টকালের জন্য বৃহৎ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে সাক্ষ্য কোর্সের ক্লাস ও পরীক্ষাসহ শিক্ষা কার্যক্রম যথারীতি চলছে। গত দুই ফেব্রুয়ারি সাক্ষ্যকোর্স ক্লাসে বাক্স ও বর্ধিত ফি প্রত্যাহারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাস বন্ধ ঘোষণা করে। বন্ধ ক্যাম্পাসে সাক্ষ্য কোর্সের শিক্ষা কার্যক্রম চালু থাকায় বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা ক্ষোভ প্রকাশ করেছেন। খোঁজ নিয়ে দেখা গেছে, বিজ্ঞানসহ অনুষদের অধীনে হিসাব বিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগের সাক্ষ্য কোর্সের চারটি সেমিস্টারের পরীক্ষা চলছে। ওই বিভাগের ২০১৪ বর্ষের জানুয়ারি-জুন ১২ ব্যাচের ভর্তি কার্যক্রম শুরু হচ্ছে। আরো সোমবার থেকে। বিভাগের সহকারী রেজিস্ট্রার আবু সাবা সরকার বলেন, নতুন ব্যাচের মৌখিক পরীক্ষা আজ (সোমবার) সকাল ১০টা থেকে শুরু হবে। মৌখিক পরীক্ষায় যারা টিকবে তারা আজকেই পৃষ্ঠা ২ কলাম ৭

রাবি'র বন্ধ ক্যাম্পাসে

২০ পৃষ্ঠার পর

ভর্তি হতে পারবেন। ওই ব্যাচের উদ্বোধনী ক্লাস শুরু হবে আগামী ১৩ ফেব্রুয়ারি থেকে। ফাইনাল এন্ড ব্যাচিং বিভাগে নতুন ১২তম ব্যাচের উদ্বোধনী ক্লাস হয় ৩১ জানুয়ারি। এখন প্রতি ওজুব্বার ও শনিবার বিকেল তিনটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত নিয়মিত ক্লাস হচ্ছে। আইন অনুষদের সাক্ষ্যকোর্স দুই বছর মেয়াদি এসএলএম কোর্সের ভর্তি কার্যক্রম চলছে। ভর্তির শেষ দিন আগামী ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত বলে জানান ওই অনুষদের সহকারী রেজিস্ট্রার আবতারুজ্জামান। অন্যদিকে সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে সাতটি বিভাগে চালু সাক্ষ্য কোর্সের ভর্তি কার্যক্রম চলছে।

হিসাব বিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বিভাগের সভাপতি অধ্যাপক সূভাষ চন্দ্র শীল বলেন, এটা নিয়মিত কোন কোর্স নয়। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমের বাইরে, তাই ক্লাস-পরীক্ষা নেয়া হচ্ছে। এ বিষয়ে জানতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মিজানউদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল বন্ধ থাকলে নিয়মিত ক্লাস-পরীক্ষা নেয়া যায় না। কিন্তু প্রশাসনের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো বলেন, আমরা তো চাই বিশ্ববিদ্যালয়ে খোলা থাকুক। সকলের ক্লাস চলুক। কিন্তু শিক্ষার্থীরাই যদি আন্দোলন করে শিক্ষার পরিবেশ বিঘ্নিত করতে চায় আমরা কি করতে পারি।